# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩১৬

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - তাশাহ্হুদে দু’আর আদবসমূহ

আরবী

وَعَنْ فَضَالَةَ بْنِ عُبَيْدٍ ـ رضي الله عنه ـ قَالَ: سَمِعَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ رَجُلًا يَدْعُو فِي صَلَاتِهِ, لَمْ يَحْمَدِ اللَّهَ, وَلَمْ يُصَلِّ عَلَى النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ: «عَجِلَ هَذَا» ثُمَّ دَعَاهُ, فَقَالَ: «إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَبْدَأْ بِتَحْمِيدِ رَبِّهِ وَالثَّنَاءِ عَلَيْهِ, ثُمَّ يُصَلِّي عَلَى النَّبِيِّ ـ صلى الله عليه وسلم ـ ثُمَّ يَدْعُو بِمَا شَاءَ». رَوَاهُ أَحْمَدُ, وَالثَّلَاثَةُ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ حِبَّانَ, وَالْحَاكِمُ

صحيح. رواه أحمد (6/ 18)، وأبو داود (1481)، والنسائي (3/ 44 ـ 45)، والترمذي (3477)، وابن حبان (1960)، والحاكم (1/ 230 و 268) وقال الترمذي: «حديث حسن صحيح». وعند أحمد «لم يذكر الله» بدل «لم يحمد الله». وعند الحاكم: «لم يحمد الله ولم يمجده». وأما النسائي فلفظه في «الكبرى» (1/ 380 ـ 381/ 1207)، وفي «المجتبى». «أن رسول الله ـصلى الله عليه وسلمـ سمع رجلًا يدعو في صلاته لم يمجد الله ولم يصل على النبي ـصلى الله عليه وسلمـ، فقال رسول الله ـصلى الله عليه وسلمـ: عجلت أيها المصلي، ثم علَّمهم رسول الله ـصلى الله عليه وسلمـ: وسمع رسول الله ـصلى الله عليه وسلمـ رجلًا يصلي فمجَّد الله، وحمده، وصلى على النبي ـصلى الله عليه وسلمـ: فقال رسول الله ـصلى الله عليه وسلمـ: ادع تُجَب، وسَلْ تُعْطَ

বাংলা

৩১৬. ফুযালাহ বিন 'উবাইদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির সালাত আদায় করার সময় শুনলেন যে, সে দু'আ করল বটে কিন্তু আল্লাহর প্রশংসা করল না ও নবীর প্রতি সালাত (দরুদ) পাঠ করল না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, লোকটি তাড়াতাড়ি করেছে। তারপর তিনি তাকে ডেকে বললেন-যখন তোমাদের কেউ সালাত আদায় করবে তখন সে প্রথমে আল্লাহর হামদ ও গুণগান পাঠ করবে, তারপর নবীর উপর সালাত (দরূদ) পাঠ করবে, তারপর স্বীয় পছন্দমত দু'আ (নির্বাচন করে) পাঠ করবে। তিরমিযী, ইবনু হিব্বান ও হাকীম এটিকে সহীহ বলেছেন।[1]

## ফুটনোট

[1] আবূ দাউদ ১৪৮১, তিরমিযী ৩৪৭৬, ৩৪৭৭ নাসায়ী ১২৮৪ আহমাদ ২৩৪১৯ ইবনু হিব্বান হাঃ ১৯৬০, হাকিম ১ম খণ্ড ২৩০ ও ২৬৮, পৃঃ। ইমাম তিরমিযী হাদীসটি বর্ণনা করার পর বলেছেন, হাদীসটি হাসান সহীহ। ইমাম আহমাদের বর্ণনায়, لم يحمد الله এর বদলে لم يذكر الله এর উল্লেখ রয়েছে। ইমাম হাকিমের বর্ণনায় لم يحمد الله ولم يمجده উল্লেখ রয়েছে। 'মুজতাবা' গ্রন্থে রয়েছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনৈক লোককে সালাত পাঠরত অবস্থায় দোয়া পাঠ করতে শুনলেন, সে আল্লাহর গুণকীর্তনও করলো না এবং নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপরও দরূদ পাঠ করলো না। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে মুসল্লী তুমি তাড়াহুড়া করলে। অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত শিক্ষা দিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপর একজন লোককে সালাতরত অবস্থায় আল্লাহর গুণকীর্তন, প্রশংসা এবং নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উপর দরূদ পাঠ করতে শুনলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তুমি দোয়া কর, তোমার দোয়া কবুল করা হবে। তুমি যা চাও তাই প্রাপ্ত হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন ▯ বর্ণনাকারীঃ ফাযালা বিন উবাইদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70127

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন